



সোনালী ব্যাংক লিমিটেড
Sonali Bank Limited

সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (পেমেন্ট)
এমপ্লয়ীজ ট্যাক্স এন্ড ভ্যাট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট
প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা-১০০০
e-mail: sblhocadtax@sonalibank.com.bd
ফোন: ০২-৪৭১১৮৭১৬, ০২-৪৭১১৫৫০১



নং-প্রকা/সিএডি (পেমেন্ট)/ট্যাক্স এন্ড ভ্যাট/নিরীক্ষক নিয়োগ/১২২

তারিখঃ ০২/০৫/২০২৩

অডিট ফার্ম নিয়োগ বিজ্ঞপ্তি।

সোনালী ব্যাংক লিমিটেড এর প্রধান কার্যালয়ের কার্ড ডিভিশন ও ৩৫টি এডিশাখা কর্তৃক জানুয়ারি, ২০১৭ থেকে ফেব্রুয়ারি, ২০২৩ পর্যন্ত সময়ে অনিবাসীর অনুকূলে সেবামূল্য পরিশোধের ক্ষেত্রে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫৬ ধারা এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন ২০১২ এর নির্ধারিত ধারাসমূহ পরিপালনের কার্যাদি সংযুক্ত Terms of Reference (TOR) মোতাবেক অডিট করার নিমিত্ত বাংলাদেশ ব্যাংকের তালিকাভুক্ত ০১ (এক)টি অডিট ফার্মকে নিয়োগ দেয়া হবে।

২.০০ আগ্রহী অডিট ফার্মসমূহকে আগামী ১৫/০৫/২০২৩ তারিখের মধ্যে ডেপুটি জেনারেল ম্যানেজার, সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (পেমেন্ট), সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা সমীপে সিলগালাকৃত খামে প্রত্যাশিত ফি ও ফার্ম প্রোফাইলসহ আগ্রহপত্র (Expression of Interest) দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

(আলমগীর কবির চৌধুরী)
ডেপুটি জেনারেল ম্যানেজার

সংযুক্তিঃ Terms of Reference-০১ (এক) কপি।



নং-প্রকা/সিএডি (পেমেন্ট)/ট্যাক্স এন্ড ভ্যাট/নিরীক্ষক নিয়োগ/১১৩

তারিখঃ ০২/০৫/২০২৩

Terms of Reference (TOR)

- (১) জানুয়ারি, ২০১৭ থেকে ফেব্রুয়ারি, ২০২৩ পর্যন্ত সময়ে ব্যাংকের প্রধান কার্যালয়ের কার্ড ডিভিশন ও ৩৫টি এডি শাখা কর্তৃক অনিবাসীর অনুকূলে ব্যাংকের নিজস্ব ও গ্রাহক কর্তৃক প্রেরিত যে সকল রেমিট্যান্সের (প্রাধিকারভুক্ত, প্রাধিকার বহির্ভূত এবং ERQ সহ বিভিন্ন ধরনের FC Account হতে পেমেন্টের ক্ষেত্রে) বিপরীতে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫৬ ধারা অনুযায়ী উৎসে কর এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ অনুযায়ী মূসক আদায় কার্যক্রম যাচাই করতে হবে।
- (২) অডিট রিপোর্টে জানুয়ারি, ২০১৭ থেকে ফেব্রুয়ারি, ২০২৩ পর্যন্ত সময়ে কী পরিমাণ অর্থ ৫৬ ধারার পরিবর্তে অন্যান্য ধারায় এবং অনিবাসীর পরিবর্তে নিবাসীর নামে জমা প্রদান করা হয়েছে তার তথ্য সন্নিবেশন করতে হবে।
- (৩) নিয়োগদানের ২০(বিশ) দিনের মধ্যে সার্টিফিকেটসহ একটি অডিট রিপোর্ট ব্যাংকে দাখিল করতে হবে।

(আলমগীর কবির চৌধুরী)
ডেপুটি জেনারেল ম্যানেজার